গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
(রাজস্ব শাখা)
www.dhaka.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪১.২৬০০.০১২.১১.০০২.১৯. ২২৭

তারিখ: ০৬ মাঘ ১৪২৭
২০ জানুয়ারি ২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ০৮/১১/২০২০ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.১৪৪.১২.৬৩৫ নম্বর স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা ও এর আওতাধীন মহানগর রাজস্ব সার্কেল/উপজেলা ভূমি অফিস এবং মহানগর/ইউনিয়ন ভূমি অফিসসমূহে নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ীভাবে পূরণের নিমিত্ত বাংলাদেশের নাগরিক এবং ঢাকা জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৭ (সাত) টি	গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-)	(ক) অনুমোদিত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (খ) কম্পিউটারে Word Processing/Data Entry ও Typing এর গতি প্রতি মিনিটে ন্যূনতম বাংলা ২০ ও ইংরেজী ২০ শব্দ থাকতে হবে।
০২	নাজির কাম ক্যাশিয়ার	০৫ (পাঁচ) টি	গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-)	অনুমোদিত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
০৩	অফিস সহায়ক	১১ (এগার) টি	গ্রেড-২০ (৮,২৫০-২০,০১০/-)	৮ম শ্রেণী উত্তীর্ণ।

শর্তাবলী:

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও ঢাকা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। প্রার্থীর বয়স ২০/০২/২০২১ খ্রিঃ তারিখে অবশ্যই ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৩। জেলা প্রশাসক, ঢাকা বরাবর নির্ধারিত ছকে লিখিত আবেদন পত্র আগামী ২০/০২/২০২১ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেলা প্রশাসক, ঢাকা এর কার্যালয়ে ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত এক পাতার নির্ধারিত আবেদন ফরমটি www.dhaka.gov.bd ওয়েবসাইটে এবং এ কার্যালয়ের রাজস্ব শাখায় পাওয়া যাবে। **আবেদন ফরম স্ব-হস্তে পূরণ করতে হবে।** নির্ধারিত ছকে আবেদন না করলে আবেদনটি ত্রুটিযুক্ত বলে গণ্য হবে।

০৪। অসম্পূর্ণ, ত্রুটিযুক্ত এবং নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৫। আবেদনকারী কর্তৃক দাখিলকৃত আবেদনের খামের উপর পদের নাম এবং কোটার নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।

০৬। আবদেনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ

ক) প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি এবং স্ট্যাম্প সাইজের ০১ (এক) কপি ছবি।

খ) শিক্ষাগত যোগ্যতার ও অন্যান্য সনদপত্রের ফটোকপি/অনুলিপি। কোন নম্বরপত্র বা প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়।

গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঘ) প্রার্থীর আবেদনে উল্লিখিত জাতীয় পরিচয়পত্র এবং জন্ম নিবন্ধন সনদের ছায়ালিপি।

ঙ) সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌরসভার মেয়র অথবা সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মূল নাগরিকত্ব সনদপত্র।

চ) ট্রেজারী চালানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ (অফেরতযোগ্য) কোড নং ১-৪৬৩২-০০০১-২০৩১ তে ক্রমিক নং ০১-০২ এ বর্ণিত পদসমূহের জন্য ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক নং ০৩ এ বর্ণিত পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা প্রদান করে ট্রেজারী চালানের মূল কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

ছ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর সুবিধার্থে পদের নাম ও প্রার্থীর নাম ঠিকানা লিখিত ১০/-(দশ) টাকার ডাক টিকিট সম্বলিত ১০"X৪" একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। খামের উপর স্পষ্ট অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) এবং ডান পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

জ) বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে নাগরিকত্ব সনদে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

ঝ) বিভাগীয় (চাকুরিরত প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য) প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। অগ্রিম কোন আবেদন গ্রহণ করা হবে না।

০৭। নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা (প্রযোজ্য ক্ষেত্রে পুত্র-কন্যার পুত্র-কন্যা)/মহিলা/আনসার ও ভিডিপি/এতিম ও শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের ছায়ালিপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

ক) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্ক উল্লেখপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর প্রত্যয়নপত্র থাকতে হবে।

খ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠি ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে জেলা প্রশাসক/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠি সনদপত্র দাখিল করতে হবে এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে যথাযথ দপ্তর/বিভাগ/সংস্থার প্রধান কর্তৃক প্রদত্ত সনদের ছায়ালিপি দাখিল করতে হবে।

গ) লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লিখিত সকল সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে।

ঘ) নিয়োগ বিজ্ঞপ্তি ও আবেদনপত্রে উল্লেখিত সকল রেকর্ডপত্রের সত্যায়িত ০১ (এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। রেকর্ডপত্র অবশ্যই প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সত্যায়নকারীর নাম পদবি যুক্ত সিল ব্যবহার করতে হবে।

ঙ) সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠি ভূক্ত প্রার্থীর জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে। এ ক্ষেত্রে প্রার্থীকে তার কোটার দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

চ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান ও পৌষ্য হিসেবে আবেদন চাকুরী প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/ উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসেবে গ্রহণযোগ্য হবে না।

ছ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

৮। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। কর্তৃপক্ষ সরকারি বিধি বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত বা অতিরিক্ত শর্ত সংযোজন ক্ষমতা সংরক্ষণ করেন।

১১। কর্তৃপক্ষ কোন ধরণের কারণ দর্শানো ছাড়াই নিয়োগের শর্ত পরিবর্তন, পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১২। নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

২০/১/২১

মোঃ শহীদুল ইসলাম
জেলা প্রশাসক
ঢাকা

স্মারক নম্বর: ০৫.৪১.২৬০০.০১২.১১.০০২.১৯. ১২৭/১(১০০)

তারিখ: ০৬ মাঘ ১৪২৭ / ২০ জানুয়ারি ২০২১

অনুলিপি; সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা। (মহোদয়ের কার্যালয়ের ০৭/০১/২০২১ তারিখের ০৫.৪১.৩০০০.০১৯.০১১.০০৬.১২.১০৭ যোগসূত্র রয়েছে)।
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা।
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা।
০৭। .....(জেলা পর্যায়ে কর্মকর্তাগণ)।
০৮। উপ-পরিচালক,জেলা বিভাগীয় তথ্য অফিস, ঢাকা।
০৯। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ভূমি মন্ত্রণালয়, ৭১ পুরানা পল্টন, ঢাকা।
১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১১। এনডিসি/আরডিসি/এলএও/জিসিও, ঢাকা।
১২। সার্কেল অফিসার, তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা।
১৩। সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার.....শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
১৪। সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঢাকা।
১৫। সম্পাদক, দৈনিক যুগান্তর/দৈনিক বাংলাদেশ প্রতিদিন, ঢাকা। বিজ্ঞপ্তিটি আগামী ২৩/০১/২০২১ খ্রিঃ তারিখের পত্রিকায় এক দিনের জন্য প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১৬। নোটিশ বোর্ড।

জেলা প্রশাসক
ঢাকা
২০/১/২১